শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, পাবনা
sfd.pabna@gmail.com

খাড়া/ঝড়ে পড়া/জব্দকৃত বনজদ্রব্য বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি ।

বিজ্ঞপ্তি নং-০২ অব ২০২০-২০২১

তারিখ ঃ ১০/১১/২০২০ খ্রিঃ।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সামাজিক বন বিভাগ, পাবনার আওতাধীন পাবনা ও সিরাজগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় সামাজিক বনায়ন কর্মসূচীর আওতায় অংশীদারিত্বের ভিত্তিতে সৃজিত বাগানের খাঁড়া, ঝড়ে পড়া, জব্দকৃত ইত্যাদি বিভিন্ন উৎসের বিক্রয়যোগ্য বনজদ্রব্য (গাছ/কাঠ/জ্বালানী/বল্লী) দরপত্রের মাধ্যমে বিক্রয়ের নিমিত্ত প্রকৃত কাঠ ব্যবসায়ী, স-মিল মালিক, ফার্নিচার মালিক, বনজদ্রব্য ব্যবহারকারীদের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর সীল মোহরকৃত খামে নির্ধারিত সিডিউল ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের শর্তাবলী ও বনজদ্রব্য সম্পর্কে যাবতীয় জ্ঞাতব্য বিষয়াবলী নিম্নস্বাক্ষরকারীর দপ্তর এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, শালগাড়ীয়া/ সুজানগর/ সিরাজগঞ্জ/ রায়গঞ্জ এসএফএনটিসি'র অফিস হতে অফিস চলাকালীন সময় (ছুটির দিন ব্যতীত) দেখতে ও জানতে পারা যাবে। দরপত্র দাখিলের পূর্বে সংশ্লিষ্ট বনজদ্রব্য সরেজমিন পরিদর্শন করে দরপত্র দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। দরপত্র দাখিলের পর সংশ্লিষ্ট লট/বনজদ্রব্য সম্পর্কে কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

তফসিল

ক্র. নং	জ্ঞাতব্য বিষয়বলী	জ্ঞাতব্য তথ্যাবলী
১	সিডিউল বিক্রয়ের স্থান	ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়, শালগাড়ীয়া/ সুজানগর/ সিরাজগঞ্জ/ রায়গঞ্জ এসএফএনটিসি
২	সিডিউলের বিক্রয় মূল্য	প্রতিটি লটের জন্য ৪০০/-(চারশত) টাকা (অফেরতযোগ্য)।
৩	সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	০৭/১২/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত (অফিস সময় কালীন ।
৪	দরপত্র দাখিল/গ্রহনের স্থান	(১) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় (২) বন সংরক্ষকের দপ্তর, সামাজিক বন অঞ্চল, বগুড়া (৩) জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা ও সিরাজগঞ্জ (৪) পুলিশ সুপারের কার্যালয়, পাবনা ও সিরাজগঞ্জে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে।
৫	দরপত্র দাখিল/গ্রহনের তারিখ ও সময়	০৮/১২/২০২০ খ্রি. তারিখ সকাল ১০.০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।
৬	দরপত্র খোলা ও মূল্যায়নের স্থান	নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়।
৭	দরপত্র খোলা ও মূল্যায়নের তারিখ ও সময়	০৯/১২/২০২০ খ্রি. তারিখ বেলা ১০.৩০ ঘটিকা (দরপত্র উন্মুক্তকরন ও মূল্যায়ন কমিটি কর্তৃক)।
৮	দরপত্রের সাথে যে সব সনদ/কাগজ পত্র দাখিল করতে হবে।	মূল কপি ঃ (ক) সিডিউল ক্রয়ের মূল রশিদ, (খ) দরপত্র জামানতের পে-অর্ডার যে কোন তফসিলি ব্যাংক হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর। সত্যায়িত কপি ঃ (ক) জাতীয় পরিচয় পত্র, (খ) পাসপোর্ট সাইজের ছবি ২ কপি, (গ) ভ্যাট, আইটি রেজিস্ট্রেশন (ঘ) যে কোন তফসিলি ব্যাংক হতে আর্থিক সচ্ছলতার সনদপত্র (ঙ) ট্রেড লাইসেন্স।
৯	জামানতের টাকার পরিমাণ	খাড়া গাছের লটের উদ্ধৃত মূল্যের ২৫% টাকা এবং ঝড়েপড়া, জব্দকৃত বনজদ্রব্যের উদ্ধৃত মূল্যের ৫০% টাকা।
১০	বনজদ্রব্যের অবস্থান/মওজুদ স্থল	তফশীলে বনজদ্রব্যের অবস্থান/মওজুদ স্থল উল্লেখ রয়েছে।

১০/১১/২০২০

(মোঃ মাহবুবুর রহমান)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, পাবনা।
ফোন-০৭৩১-৬৫৬৭১ (অফিস)

১০/১১/২০২০